

মুগান্তৰ

প্রিন্ট: ২৭ জুলাই ২০২৫, ১১:৫৯ এএম


সারাদেশ

কুয়েটের উপাচার্যের দায়িত্ব পেলেন বুয়েটের শিক্ষক



খুলনা বুয়ো

প্রকাশ: ২৫ জুলাই ২০২৫, ০৭:৫২ পিএম



ফাইল ছবি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ড. মো. মাকসুদ হেলালী। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সাবেক অধ্যাপক।

বৃহস্পতিবার এ সংগ্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা। রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে পাঁচটি শর্তে তাকে এ পদে অধিষ্ঠিত করা হয়েছে।

প্রজ্ঞাপনে জানানো হয়েছে- কুয়েট আইন, ২০০৩-এর ১০ (১) ধারা অনুযায়ী এই নিয়োগ কার্যকর হবে। ড.মাকসুদ হেলালীর এই নিয়োগের ক্ষেত্রে কয়েকটি প্রধান শর্ত আরোপ করা হয়েছে।

এর মধ্যে রয়েছে, ভাইস-চ্যান্সেলর হিসেবে তার নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে চার বছর হবে। তিনি বুয়েট থেকে অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে আহরিত বেতন-ভাতার সমপরিমাণ বেতন-ভাতা প্রাপ্ত হবেন এবং পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা বিধি অনুযায়ী ভোগ করবেন।

বিশেষভাবে উল্লেখ করা হয়েছে যে, বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে তাকে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করতে হবে। এছাড়াও রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় এই নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

